



প্রেস ইনসিটিউট বাংলাদেশ (পিআইবি)

৩ সার্কিট হাউস রোড, ঢাকা – ১০০০ ফোন: ৯৮৩০০৮১-৩, ফ্যাক্স: ৮৮০-২-৮৩১৭৪৫৮, www.pib.gov.bd ই-মেইল: dgpib@yahoo.com

পিআইবি'র ইনোভেশন টিম এর ২৭.০৮.২০১৯ তারিখ সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিম এর একটি সভা ২৭.০৮.২০১৯ তারিখ সকাল ১১.০০ টায় পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নরূপঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী
১.	মোহাম্মদ আব্দুল মাইন, প্রশিক্ষক	সদস্য
২.	ড. কামরুল হক, রিসার্চ অফিসার	সদস্য
৩.	মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁঞ্চা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব	সদস্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁঞ্চা জানান, তথ্য মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী ইতিমধ্যে পিআইবি'র বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৮-২০১৯-এর বাস্তবায়ন অগ্রগতির স্বামূল্যায়ন প্রতিবেদন এবং পিআইবি'র উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত উদ্ভাবনগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। “অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের ব্যবস্থা” বিষয়ক কার্যক্রমটি গত কয়েক বছর ধরে সত্ত্বেজনকভাবে চলমান রয়েছে। অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণ কার্যক্রম আরো সুস্থুভাবে পরিচালনার লক্ষ্যে ই-লার্নিং ফোকাল পয়েন্ট, প্রধান সমন্বয়কারী ও সমন্বয়কারী নির্ধারণ করা হয়েছে। পিআইবি'র মোবাইল এপ্লিকেশন তৈরির বিষয়ে মোবাইল গেইমস প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে উদ্যোগ নেয়া হয়েছে। ইতিমধ্যে দরপত্র আহ্বানের লক্ষ্যে প্রস্তুতিমূলক কার্যক্রম চলছে বলে প্রকল্প পরিচালক মহোদয় মৌখিকভাবে জানিয়েছেন। এছাড়া পিআইবি'র প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি (Duplication) রোধকল্পে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজ তৈরি করার নিমিত্ত কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার অনুরোধ জানান।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০১৯-২০২০

(মো. ইলিয়াস ভূইয়া)

ইনোভেশন অফিসার

ও

পরিচালক (প্রশাসন)